দর্শনায় ডিমের বাজারে অভিযান, ৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দর্শনা রেল বাজারে নিত্য প্রয়োজনীয় প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে দু’ ব্যবসায়ীকে জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

জানাগেছে আজ সোমবার দুপুর ১ টার দিকে দর্শনা রেল বাজারে চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদসহ সঙ্গীয় একটি দল দর্শনা রেলবাজারে ডিমের আড়ত, মাছ, মুরগী, মুদিদোকানসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে অভিযান চালায়।

এ সময় দর্শনা বাজারে মেসার্স মীর প্রোটিন হাউজ নামক ডিম ও মুরগির আড়তে পূর্বে সতর্ক করা সত্ত্বেও মুল্য তালিকা যথাযথভাবে প্রদর্শন না করা ও ভাউচার সংরক্ষণ না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মীর শামীমকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৮ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একই অপরাধে মেসার্স কালাম ডিম হাউজের মালিক আব্দুল কালামকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া এসময় এলাকায় সব ব্যবসায়ীদের সতর্ক এবং সবাইকে ন্যায্যমূল্যে পণ্য ক্রয় বিক্রয়, ভাউচার সংরক্ষণ ও মুল্যতালিকা প্রদর্শন করতে বলা হয়। বাজার কমিটির মাধ্যমে ব্যবসায়ীদের মাঝে সচেতনতামুলক লিফলেট বিতরণ করা হয়। ভোক্তা অধিকার দর্শনা রেল বাজারে ঢুকার সাথে সাথে দর্শনা দোকান ব্যবসায়ীরা দোকান বন্ধ করে দিযে সটকে পড়ে।

দর্শনায় কেরু এ্যান্ড

কোম্পানীতে টেন্ডার বাক্স ভাংচুর

চুয়াডাঙ্গার দর্শনায় পুলিশের উপস্থিতিতে ঐতিহ্যবাহী কেরু এ্যান্ড কোম্পানীর জেনারেল অফিসের ৩য় তলার কক্ষ থেকে নামিয়ে এনে টেন্ডার বাক্স ভাংচুর করেছে বিএনপি ও যুবদলের অংগ সংসগঠনের নামধারী দুর্বৃত্তরা। এ টেন্ডার বাক্সটি ৩য় তলা থেকে নিচে নামিয়ে এনে জেনারেল অফিসের সামনের রাস্তার উপর টেন্ডার বাক্সটি ভাঙচুর করে। তবে এ ঘটনা যারা ঘটিয়েছে তাদের সিসি ক্যামারা দেখলে তাদের সনাক্ত করা যাবে বলে জানায় স্থানীয়রা।

জানাযায় আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে জেনারেল অফিসের সামনে টেন্ডার বাক্স ভাংচুরের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, আজ সোমবার ৯ টি খামার ও কেরু এ্যান্ড কোম্পানীর ডোঙ্গার কেনকেরিয়ার টেন্ডার ড্রপের দিন ছিলো।টেন্ডার বাক্স খোলার পর একদল বিএনপির ও যুবদলের অংগ সংগঠনের দুর্বৃত্তরা ২৫/৩০ মিলে জেনারেল অফিসের ৩য় তলায় উঠে টেন্ডার বাক্স নিচে নামিয়ে এনে ভাংচুর করে। ভাংচুরের পরে ছড়িয়ে পড়ে আতংক ভয়ে উপায়ন্তর না পেয়ে দর্শনা থানা পুলিশকে খবর দেয়। খবর পেয়ে দর্শনা থানা পুলিশের এস আই সেকেন্দার এ এস আবু হানিফ, এ এস আই মারুফুল ইসলামসহ ঘটনাস্থলে এসে ভাঙ্গা টেন্ডার বাক্স উদ্ধার করে। পরে নামধারী কর্মীরা মোটরসাইকেল ও ভ্যানযোগে পালিয়ে যায়।

এ ঘটনায় কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যাবস্থাপক প্রশাসন মোঃ ইউসুফ আলী বলেন, গতকাল কেরু এ্যান্ড কোম্পানীর ৯ টি খামারের আখ কর্তন ও কেনকেরিয়ারের সিডিউল ড্রপোর শেষ দিন ছিলো। আমরা টেন্ডার ড্রপের সিডিউল টেন্ডার বাক্স থেকে বের করে গননা করছিলাম। এ সময় হঠাৎ করে কিছু বখাটে ছেলে খালি টেন্ডার বাক্স অফিস থেকে নামিয়ে নিয়ে ভাংচুর করে।

এ বিষয়ে কেরু এ্যান্ড কোম্পানীর নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসানের সাথে কথা বললে তিনি বলেন, আমি শ্রমিকদের ট্রেনিং দিচ্ছি সেখানে ছিলাম, তবে আমি এডিএম ইউসুফে আলীর সাথে কথা বলে জানতে পারছি খালি টেন্ডার বাক্স ভাঙচুর করেছে। তবে এ ন্যাক্যারজনক ঘটনায় আমরা ব্যাবস্থা গ্রহন করবো। এ বিষয়ে দর্শনা

থানার নবাগত অফিসার ইনচার্জ তিতুমীরকে ফোন দিলে তিনি বলেন, টেন্ডার বাক্সটি বাইরে ছিলো তার আগেই টেন্ডার বাক্সের চিঠি বের করে ফেলছিলো। তবে আমাদের পুলিশ উপস্থিত ছিলো।

এ বিষয়ে দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য দর্শনা সরকারি কলেজের সাবেক জি এস এনামূল হক শাহ মুকুল বলেন, এরা বিএনপির কিনা আমার জানা নেই। আওয়ামীলীগের বা তৃতীয় পক্ষের উৎশৃখল কেউ জড়িত থাকতে পারে তবে দলের ভাবমৃর্তী নষ্ট করার জন্য এসব ঘটনা ঘটাতে পারে। আমি সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য কতৃপক্ষকে আহব্বান জান্নাছি।

দর্শনার রামনগর গ্রামে আখচাষী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পৌরসভার রামনগর মিলগেট পশ্চিম সাবজোনের ২২নং ইউনিটে আখচাষী সমাবেশ অনুষ্টিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৫ টায় রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ আখচাষী সমাবেশ অনুষ্টিত হয়।

আখচাষী সমাবেশে ডিজিএম কৃষি (সম্প্রসারন) মাহাবুবুর রহমানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,কেরু এ্যান্ড কোম্পানীর নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, আপনারা আখ চাষ করুন আগামীতে আখের মৃল্য আরও বৃদ্ধি করা হবে। আপনারা আখ লাগাবেন এবং সার্বিক সহিযোগিতা করবে কেরু এ্যান্ড কোম্পানি। এ মিল আপনাদের এ মিল টিকে থাকলে আপনাদের অর্থনৈতিক ভাবে সচ্ছলতা আসবে। আগামী অর্থ বছরে আখের মৃল্য টন প্রতি ৬ হাজার ৫শ টাকা নির্ধারন করা হবে। তিনি আরও বলেন ভাল বীজের আখ লাগাবেন আপনার লাভবান হবেন। এবং পরিস্কার-পরিচ্ছন্ন আখ সরবাহ করবেন। অধিক চিনি আহরনের জন্য পরিস্কার-পরিচ্ছন্ন ও টপট্রাসমুক্ত আখ মিলে সরবরাহ করার আহব্বান জানান তিনি। তিনি যোগদানের পর থেকে আখচাষীদের দারপ্রন্তে ছুটছেন। তিনি আখচাষীদের বিভিন্ন অভাব অভিযোগও শুনছেন। তিনি চাষীদের ন্যয্যতার কথা বলছেন

এবং চাষীদের আসস্ত করছেন।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কারখানা), সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া। এ সমাবেশে প্রায় ৩শ আখচাষী উপস্থিত ছিলেন।

দর্শনায় কেরু মন্দিরে হিন্দু ধর্মালম্বীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার একমাত্র ঐতিহ্যবাহী ভারী শিল্প কারখানা দর্শনার কেরু এ্যান্ড কোম্পানির সুনামধন্য “কেরুজ সর্বজনীন দূর্গা মন্দির” এলাকার মন্দিরের দূর্গাপূজাকে সভল ভাবে সম্প্রদানে হিন্দু ধর্মালম্বীদের সাথে মতবিনিময়সভা করেছেন কেরু এন্ড কোম্পানির নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

গতকাল রোববার সন্ধা ৭ টায় কেরুজ সর্বজনীন দূর্গা মন্দিরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কেরুজ দূর্গামন্দিরে প্রতিবছরের ন্যায় এ বছরও অনুষ্ঠিত হচ্ছে শারদীয় দূর্গা পূজা। সভায় প্রধান অতিথি রাব্বিক হাসান সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা ও যে কোন উস্কানি বা গুজব রোধে সকলকে একযোগে সোচ্চার ও সচেতন থাকার বিষয়েও গুরুত্বারোপ করেন তিনি।

তিনি বলেন, এটা আমার আপনার সবার দেশ, একযোগে সবাইকে নিরাপত্তা দিতে সহযোগিতা করতে হবে। পাশাপাশি পূজা চলাকালীন নিরাপত্তা নিশ্চিত করতে মন্দির এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে কেরুর নিজস্ব নিরাপত্তা বাহিনী দিয়ে সর্বাক্ষণিক টহল ব্যবস্থা গ্রহণ করা হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন মহা-ব্যবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা, মহা-ব্যবস্থাপক (ডিস্টিলারি) রাজিবুল হাসান, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর

রহমান মাসুদ, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, মন্দির কমিটির সভাপতি নমিতা রানী মালাকার, সাধারণ সম্পাদক রাধারাণী দাস, রতন কুমার লোধ, নারায়ন চন্দ্র দাস, সমির সরকার, নিত্যানন্দ চক্রবর্তী, দীপেন ঘোষ, তপন কুমার বিশ্বাস, তারাপদ বিশ্বাস, ধীরেন চন্দ্র দাস, শঙ্কর বিশ্বাস, সুবাস বিশ্বাস, রতন দাস, গনেস বিশ্বাস, বাঁধন চন্দ্র দাস, শুভ লোধ প্রমুখ।

দর্শনার কেরুতে ওয়াস হাউজের সড়কের পাশে অরক্ষিত ঝুঁকিপূর্ণ লৌহ বাউন্ডারি নির্মান

চুয়াডাঙ্গার দর্শনার ঐতিহ্যবাহী ভারী শিল্পপ্রতিষ্ঠান কেরু এ্যান্ড কোম্পানির স্প্রিট তৈরীতে ব্যবহৃত কাঁচামাল চিটাগুড় (মোলাসেস) এর পরিত্যাক্ত তরল স্পেন্ট ওয়াস সংরক্ষণের অরক্ষিত ঝুঁকিপূর্ণ ৭০ ফুট গভীর হাউজের সড়কের পাশসহ চতুর্দিকে লৌহ বাউন্ডারি নির্মান করেছে কেরু এ্যান্ড কোম্পানির নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

জানাগেছে, কেরু এলাকায় “কেরুজ জৈবসার” তৈরীর লক্ষে ২০১২ সালে দর্শনা রেলবাজার-আনোয়ারপুর রাস্তার পাশে স্প্রিট তৈরীতে ব্যবহৃত মোলাসেসের অব্যবহৃত পরিত্যাক্ত তরল বজ্র সংরক্ষণের জন্য রাস্তার দুইপাশে ২ টি গভীর হাউজ তৈরী করে কেরু এ্যান্ড কোম্পানি। যার একটির গভীর ৫০ ফুট আর অন্যটির ৭০ ফুট। ঝুকিপূর্ণ গভীর হাউজ দুটি কেরুর কর্মচারিদের আবাসিক এলাকা ও রাস্তার পাশে হওয়ায় সেইসময় লোহার তারকাটা দিয়ে নিরাপত্তা বেষ্টনী তৈরী করা হয়৷ পরবর্তীতে ২০১৯ সালে তারকাঁটা মরিচাধরে নষ্ট হয়ে ছিড়ে যায়।

এসময় রাস্তায় চলাচলরত পথচারী ও আবাসিক এলাকার মানুষের মাঝে তৈরী হয় আতঙ্ক। এলাকাবাসীর দীর্ঘদিনের অভিযোগ কেরু এ্যান্ড কোম্পানির পূর্বের ব্যবস্থাপনা পরিচালকদ্বয় সহ বড় কর্মকর্তাদের কাছে অভিযোগ জানিয়ে বা লিখিত দিয়েও তারা পুনোরায় হাউজগুলোর তারকাঁটা দিয়ে সংস্করের ব্যাবস্থা করেনি। নবাগত ব্যবস্থাপনা

পরিচালক যোগদানের ১ মাসের মধ্যে রাস্তার পাাশের গভীর হাউজের চতুর্দিকে লোহার রড দিয়ে বাউন্ডারি নির্মান করেছে। কেরু এলাকায় শিশু-কিশোরদের, গবাদিপশু নিয়ে বসবাসরত এলাকাবাসী ও রাস্তায় চলাচলকারী পথচারী মাঝে ফিরেছে আনন্দ, মুছছে আতঙ্কের ছায়া। এদিকে বাউন্ডারি নির্মানের খবরে প্রশংশায় ভাসছে কেরু এ্যান্ড কোম্পানির নবাগত ব্যবস্থপনা পরিচালক।

কেরুর কোয়াটারে বসবাসকারী গনেস দাস বলেন, আমার বাসায় ছোটা বাচ্চারা আছে। আমার ঘরের সামনে হাউজটি ৫/৬ বছর যাবৎ তারকাঁটা বাদে পড়েছিলো। বাচ্চাদের নিয়ে সবসময় অতঙ্কে থাকতাম আমরা পরিবারের সবাই।

এ বিষয়ে কেরু এ্যান্ড কোম্পানির নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান বলেন, নিরাপত্তার স্বার্থে আমার নিজ উদ্দ্যগে পুকুরের চারপাশ কাটা তারের বেড়া দেওয়া হয়েছে। এতে করে গরু ছাগল শিশু বাচ্ছারা চিটা গুড়ের পুকুরে না পড়ে। এ সব জৈবসারের কাঁচামাল স্পেন্ট ওয়াসের হাউজ অরক্ষিত অবস্থায় থাকার খবর জানতে পেরে নতুন করে লোহার রডদিয়ে নিরাপত্তা বেষ্টনী তৈরী করেছি।

দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত

শিক্ষকের কন্ঠস্বর, শিক্ষায় নতুন সামাজিক অঙ্গীকার” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে চুয়াডাঙ্গার দামুড়হুদা ও দর্শনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।
এ উপলক্ষে আজ শনিবার (৫ অক্টোবর) সকাল সাড়ে ১০ টার সময় দামুড়হুদা উপজেলা অডিটোরিয়াম থেকে র্যালি বাহির হয়ে দামুড়হুদা উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা চত্বরে এসে শেষ র্যালিটি শেষ হয়।পরে উপজেলার হলরুমে দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার মমতাজ মহলের সভাপতিত্বে, স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, দামুড়হুদা পাইলট সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, শিক্ষক আব্দুল মমিন, বখতিয়ার হোসেন, নাসির উদ্দীন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা একাডেমিক

সুপারভাইজার রাফিজুল ইসলাম।
অপরদিকে, দর্শনা পৌরসভার ঐতিহ্যবাহি মেমনগর বিপ্রদাস মাধ্যামিক বিদ্যালয়, কেরু উচ্চ বিদ্যালয় দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসা নারী শিক্ষা প্রতিষ্ঠান দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় যথাযথ মর্যাদায় বিশ্ব শিক্ষক দিবস পালন করেন, এসময় বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম হুমায়ুন কবির, কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম,মেমনগর মাধ্যামিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক একরামুল হক,দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ শফিকুল ইসলাম, শিক্ষক হাসমত আলী, মাহমুদা খাতুন, শামসুন নাহার তুলি,শামসুল নাহার হীরা, আরিফুল ইসলাম, হাফিজুর রহমান, রফিকুল ইসলাম, মেহবুব,সুমিতা খাতুন, নাসরিন আক্তারী প্রমুখ।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যাগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

চুয়াডাঙ্গার শিল্পনগরী দর্শনার বিভিন্ন রাস্তায় শনিবার দিনব্যাপি এক আনন্দঘন পরিবেশে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে । ওয়েভ ফাউন্ডেশন, ইউথ এসম্বলি ও গো গ্রীন কর্মসূচির যৌথ উদ্যাগে আয়োজিত এই কর্মসূচি পালন করা হয়েছে।

এ বৃক্ষ রোপন কর্মসূচীর মধ্যে ছিল ছাত্র, যুব সমাজ রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবি নেতৃবৃন্দসহ স্থানীয় পরিবেশকর্মীরা অংশগ্রহণ করেন।

দর্শনা প্রেসক্লাবের সম্মানিত নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনীপেশার নেতৃবৃন্দরা সম্মিলিত ভাবে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী আব্দুস ছালাম, অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, উপদষ্টা আব্দস শুকুর, দর্শনা

বিএনপি যুবদলের পৌর যুগ্মআহবায়ক জাহান আলী প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা বলেন বৃক্ষ আমাদের জীবনের অপরিহার্যের অংশ। বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষা করে না এটি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুদর পৃথিবী গড়তে সহায়ক। ওয়েভ ফাউন্ডেশনের এই উদ্যাগে আগামী দিন তীব্র তাপদাহ মোকাবেলায় ও পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

বৃক্ষরোপনের পাশাপাশি ওয়ভ ফাউন্ডশন, ইউথ এসম্বলি, গো গ্রীন কর্মসূচি ও স্থানীয় পরিবেশ কর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষায় সচেতনতা বৃদ্ধিতে পোষ্টার ও ব্যানার প্রদর্শন করেন। এতে বিভিন্ন শ্লোগান লেখা ছিলো যেমন ”গাছ লাগায় যত্ন করি, গ্রীন লাইফ স্টাইলে চর্চা করি” “গাছ লাগান প্রাণ বাঁচান” সবুজ পথিবী, সুষ্ঠ জীবন”।

অনুষ্টানে আয়োজক সংস্থা সহযোগিরা ঘোষনা দেন প্রায় ফলজ ও বনজ ৫ হাজার রোপনকৃত এই চারা টিকিয়ে রাখার জন্য ওয়ভ ফাউন্ডশন ও রামাজুস যুব সংঘ যৌথ ভাবে স্থানীয় পরিবেশ কর্মীদের সাথে নিয়ে আগামী দুই বছর দেখভাল করবে।

অনুষ্টানটি পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

দর্শনায় ১৬টি পূজা মন্ডপের নিরাপত্তা বিষয়ে ওসির বৈঠক

দর্শনা থানার এলাকার ১৬টি পূজা মন্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও মুন্দির কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের সাথে পূজা মন্ডপের নিরাপত্তা নিয়ে বৈঠক করেছেন দর্শনা থানা অফিসার্স বিপ্লব কুমার সাহা।

গতকাল ১৬টি পূজা মন্ডপের পূজা উদযাপন কমিটির সভাপতি ও মুন্দির কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের এ সুস্থ্য ও শান্তিপূর্ণ এবং

নিরাপত্তার যাতে পূজা উদ্যাপন করতে পারে এবিষয় নিয়ে। এ বৈঠকে পূজা মন্ডপগুলো নিরাপত্তা দিয়ে বেশ কিছু পদক্ষেপ নেন। আগামী ০৯ অক্টোবর থেকে ১৩ অক্টোবর সারদীয় দূর্গা উৎসব উদ্যাপন পর্যন্ত বিভিন্ন পদক্ষেপে যেমন রাতে পাহারার ব্যবস্থা করা, ঝুকি পূর্ন রাস্তাগুলতে নজরদারী বাড়ানো এবং প্রয়োজনে পূজা মন্ডপে সিসিটিভি ক্যামরা লাগনোর বিষয় সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। এছাড়া পুলিশি নজরদারী রাখা হবে বলে জানান দর্শনা থানা অফিসার্স বিপ্লব কুমার সাহা।

এদিকে বাংলাদেশ জামায়ত ইসলামীর জেলা সেক্রেটারী আব্দুল কাদের জানান দর্শনা পৌর এলকায় তাদের দলের পক্ষ থেকে পূজা মুন্দিরগুলো নজর রাখছেন। যাতে হিন্দু সম্পদায়ের মানুষ শান্তিপূর্ণভাবে তাদের সরদীয় দূগার্ উৎসব পালন করতে পারে। দর্শনা কেরুজ সার্বজনীন জয় দূগার্ মুন্দিরের সভাপতি নমিতা মালাকার ও সাধারণ সম্পাদক রাঁধা রানী দাস। দর্শনা পুরাতস বাজার শ্রী শ্রী দূগার্মাতা মন্দির এর সভাপতি প্রান্ত দেবনাথ ও সাধারণ সম্পাদক নকুল অধিকারী, দর্শনা হরিজন সম্প্রদায়ের মন্দিরের সভাপতি রতন বাঁশফোড়, সাধারণ সম্পাদক রানু বাঁশফোড়সহ দর্শনা থানা এলাকার ১৬ মন্দিরের পূজা উদ্যাপন কমিটি ও পূজা কমিটির সভাপতি -সাধারণ সম্পাদকসহ বিভিন্ন মন্দিরের নেত্রীবৃন্দ। এ দিকে একই সময় চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা দর্শনা পৌরসভা এলাকাসহ বেগমপুর পূজা মন্ডপ গুলো পরিদর্শন করেন। কোথাও যাতে কনো ধরনের অপ্রীকর ঘটনা না ঘটে এ বিষয় সকল ধর্ম বর্ণের মানুষের প্রতি আহবান জানান। নিরাপত্তা ও শান্তিপূর্ণভাবে সরদীয় দূগার্ উৎসব পালন করতে পারে সে বিষয় সকলকে সহযোগিতা করার নির্দেশ দেন এলাকাবাসীর।

দর্শনায় আবু সাঈদ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় ডিএস মাদ্রাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় দর্শনা কেরুজ বাজার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। দশম একাদশকে ৪-২ গোলে হারিয়ে ফাযিল একাদশ জয়লাভ করে। পুরো খেলায় ড্র হওয়াতে পরে ট্রাইবেকারে ৪-২ গোলে ফাযিল একাদশ জয়লাভ করে। খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ শফি উদ্দিন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, দর্শনার ক্রীড়াঙ্গনের একজন প্রবীন খেলোয়াড় গিয়াস উদ্দিন পিনা।

এ সময় তিনি বলেন, খেলাধুলা শারীরিক ও মানুষিক বিকাশ ঘটায়। তাই আসুন “মাদককে না বলি খেলাধুলায় মনোনিবেশ করি”। আমাদের দর্শনা যেহেতু সীমান্তবর্তী ও মাদকপ্রবণ এলাকা। তাই আমাদের উচিত আমাদের সন্তানদেরকে শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে লেখা-পড়ার পাশাপাশি খেলাধুলায় আগ্রহী করে তুলি।

উক্ত খেলায় মাদ্রাসার প্রভাষক আব্দুর রশিদের প্রাণবন্ত উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-আরিফুজ্জামান আরিফ, জগলুল হায়দার আফ্রিক, আবুল হোসেন, সাদিকুর রহমান মাহবুবুর রহমান সহ মাদরাসার শিক্ষক-শিক্ষিকা বৃন্দ। টুর্নামেন্টের সর্বোচ্চ গোল দাতা ফাহিম হোসেন ও ম্যান অফ দ্যা ম্যাচ আঃ মালেক। খেলাটি পরিচালনা করেন, শাহিন ও ফাহিম।

টুর্নামেন্ট পরিচালনা করেন, টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি মাওলানা মনজুর আহমেদ, সাধারণ সম্পাদক লিনা পারভীন, সদস্য- আজিজুর রহমান জাহাঙ্গীর আলম, বায়েজিদ হোসেন কাফফি, নুরুল আমিন ও রিয়াদ হোসেন।